

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯১

আগরতলা ,৫ মে, ২০২৬

রেশন কার্ড সংক্রান্ত পরিষেবা বিষয়ে খাদ্য দপ্তরের বিজ্ঞপ্তি

এতদ্বারা রাজ্যের সকল রেশন কার্ডধারী উপভোক্তাদের অবগতির জন্য জানানো হচ্ছে যে, কেন্দ্রীয় সরকারের নির্দেশিকা অনুযায়ী রাজ্যের গনবন্টন ব্যবস্থাকে স্মার্ট-পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম-এ উন্নীত করার কার্যক্রমের অঙ্গ হিসাবে বর্তমানে চালু থাকা রেশন কার্ড মেনেজমেন্ট সিস্টেম এপ্লিকেশনের আপগ্রেডেশন সংক্রান্ত কাজ আগামী ১১ মে, ২০২৬ থেকে শুরু হতে চলেছে যা আগামী ২৫ মে, ২০২৬ পর্যন্ত জারি থাকবে। এসময়ে রাজ্যের মহকুমা শাসক অফিসের খাদ্য বিভাগে রেশন কার্ড সংক্রান্ত সকল ধরনের পরিষেবার কাজ (সদস্য সংযোজন বা বাদ দেওয়া, কার্ড সেপারেশন/মোডিফিকেশন/ ট্রান্সফার/সারেভার ইত্যাদি) অনিবার্য কারণে স্থগিত থাকবে। এমতাবস্থায়, খাদ্য দপ্তরের তরফে রাজ্যের উপভোক্তাদের সাময়িক অসুবিধার জন্য দুঃখ প্রকাশ করা হচ্ছে এবং সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।
